

# Telephone Conversation between PM and Prime Minister of the Commonwealth of Australia

April 06, 2020

প্রধানমন্ত্রী এবং অস্ট্রেলিয়া কমনওয়েলথের প্রধানমন্ত্রীর মধ্যে  
টেলিফোনে কথোপকথন

এপ্রিল 06,2020

আজ প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এবং অস্ট্রেলিয়া কমনওয়েলথের প্রধানমন্ত্রী মহামান্য স্কট মরিশনের সাথে টেলিফোনে বাক্যালাপ হয়েছে।

দুই নেতা চলতে থাকা কোভিড-19 অতিমারি এবং দুই দেশের নিজ নিজ সরকার তাদের গৃহীত স্বদেশীয় প্রতিক্রিয়া পরিকল্পনা নিয়ে আলোচনা করেছেন।সহযোগিতামূলক গবেষণা প্রচেষ্টার মাধ্যম সহ এই স্বাস্থ্য সংকটের পরিপ্রেক্ষিতে দ্বিপাক্ষিক অভিজ্ঞতা-বন্টনের গুরুত্বের উপরে তারা সহমত হয়েছেন।

প্রধান মন্ত্রী জানিয়েছেন যে,ভ্রমণের বিধিনিষেধের ফলে ভারতে আটকে পড়া যেকোন অস্ট্রেলীয় নাগরিককে প্রয়োজনীয় সুবিধা প্রদানে ভারত সরকার প্রস্তুত আছে। একই রকম ভাবে মহামান্য প্রধানমন্ত্রী মরিশন আশ্বাস প্রদান করেছেন যে, ভারতীয় ছাত্র সহ অস্ট্রেলিয়াতে বসবাসকারী ভারতীয়রা অস্ট্রেলিয়ার সমাজের এক প্রাণোচ্ছল মূল্যবান অংশ হিসেবে গণ্য হওয়া জারি থাকবে।

যদিও তারা বর্তমান স্বাস্থ্য সংকট সুরাহার প্রতি তাদের লক্ষ্যস্থল কেন্দ্রীভূত করেছেন, তথাপি ইন্দো-পেসিফিক অঞ্চল সহ ভারত-অস্ট্রেলিয়া অংশদারিত্বের গুরুত্ব আরও প্রসারিত করার দিকে তারা মনোযোগী থাকবেন বলে উভয় নেতা সহমত হয়েছেন।

নিউ দিল্লি

এপ্রিল 06,2020

DISCLAIMER : This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.

